গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৪ শাখা
www.mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০০০.০৩৯.১৮.০০২১.১৯.৪০৮/১

তারিখ: ০৩ আষাঢ় ১৪৩৩
১৭ জুন ২০২৫

বিষয়: বাংলাদেশ রেলওয়ের সার্বিক নিরাপত্তা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, সময়মত নিয়মিত উপস্থিতি ও বিদ্যুতের সঠিক ব্যবহার নিশ্চিতকরণ কমিটি'র ৭ম সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১১.০৬.২০২৬ তারিখে রেলপথ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন-১) মহোদয়ের সভাপতিত্বে বাংলাদেশ রেলওয়ের সার্বিক নিরাপত্তা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার, কর্মচারীদের সঠিক সময়ে নিয়মিত উপস্থিতি এবং বিদ্যুতের সঠিক ব্যবহারসহ এ সংক্রান্ত সময়ে সময়ে সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনা প্রতিপালন নিশ্চিতকরণের লক্ষ্যে গঠিত কমিটি'র ৭ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীতে উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণী।

১৭/০৬/২৬
(সুফল চন্দ্র গোলদার)
সিনিয়র সহকারী সচিব
admin4@mor.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০২. যুগ্মসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৩. অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো/আরএর), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৪. সিএসটিই (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
০৫. পরিচালক ট্রাফিক (বাণিজ্যিক), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৬. উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৭. বিভাগীয় বৈদ্যুতিক প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা।
০৮. বিভাগীয় প্রকৌশলী-৩, বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা।
০৯. বিভাগীয় চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা।
১০. কমান্ড্যান্ট, বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা।

অনুলিপি:

০১. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ
প্রশাসন-৪ শাখা
www.mor.gov.bd

**বিষয়: বাংলাদেশ রেলওয়ের সার্বিক নিরাপত্তা ও পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার, কর্মচারীদের সঠিক সময়ে নিয়মিত উপস্থিতি এবং বিদ্যুতের সঠিক ব্যবহারসহ এ সংক্রান্ত সময়ে সময়ে সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনা প্রতিপালন নিশ্চিতকরণের লক্ষ্যে গঠিত কমিটি'র ৭ম সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খালেদা আখতার এনডিসি, যুগ্মসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১১ জুন ২০২৬ |
| সময় | : | সকাল ১১:০০ টা |
| স্থান | : | কক্ষ নম্বর- ৯৩১, রেলপথ মন্ত্রণালয় |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি মোতাবেক গত ০৬.০৪.২০২৬ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করার জন্য সদস্য-সচিব-কে অনুরোধ জানানো হয়।

০২. উপসচিব (প্রশাসন-৪) ও সদস্য-সচিব, রেলপথ মন্ত্রণালয় সভায় বলেন, রেলভবন অফিসের সার্বিক নিরাপত্তা ও পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার ও তদারকি করার লক্ষ্যে 'নিরাপত্তা ও পরিস্কার-পরিচ্ছন্নতা কমিটি' গঠিত হয়। উক্ত কমিটি পরিবর্তন করে বাংলাদেশ রেলওয়ের সার্বিক নিরাপত্তা ও পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করা, কর্মচারীদের সঠিক সময়ে নিয়মিত উপস্থিতি ও বিদ্যুতের সঠিক ব্যবহার নিশ্চিত করা এবং এ সংক্রান্ত সময়ে সময়ে সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনা প্রতিপালনের লক্ষ্যে রেলপথ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন-১) মহোদয়ের সভাপতিত্বে ৮(আট) সদস্যবিশিষ্ট কমিটি গঠিত হয়। তিনি কমিটি'র কার্যপরিধি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

(ক) সার্বিক নিরাপত্তা বিশেষ করে অগ্নিনির্বাপণ যন্ত্রপাতি সচল আছে কিনা তা যাচাই করা;
(খ) পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করা;
(গ) কর্মচারীদের সঠিক সময়ে (সকাল ৯:০০ টায় অফিসে উপস্থিতি এবং সকাল ৯:০০-৯:৪০ পর্যন্ত নিজ দপ্তরে উপস্থিত থাকা) নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা;
(ঘ) সরকার নির্ধারিত তাপমাত্রায় শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র (এসি) পরিচালিত হচ্ছে কি না তা পরিবীক্ষণ করা এবং বিদ্যুতের সঠিক ব্যবহার নিশ্চিত করা; এবং
(ঙ) এ সংক্রান্ত সময়ে সময়ে সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনা প্রতিপালন নিশ্চিতকরণ পরিবীক্ষণ।

০৩. তিনি আরো জানান, গত ২১.০৫.২০২৫ খ্রিস্টাব্দে রেলভবনে অগ্নি নির্বাপন, জরুরি উদ্ধার, বহির্গমন ও প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ ও ফায়ার ড্রিল অনুষ্ঠিত হয় এবং এ সংক্রান্ত প্রতিবেদন/মতামত/পরামর্শ প্রদানের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে ৩(তিন) সদস্যবিশিষ্ট ১(এক)টি কমিটি গঠন করা হয়। কিন্তু অদ্যাবধি এ সংক্রান্ত কোন প্রতিবেদন/মতামত পাওয়া যায়নি। পুনরায় রেলভবনে অগ্নি নির্বাপন, জরুরি উদ্ধার, বহির্গমন ও প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ ও ফায়ার ড্রিল আয়োজন করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করেন।

০৪. বিভাগীয় বৈদ্যুতিক প্রকৌশলী (ঢাকা) ও সদস্য, বাংলাদেশ রেলওয়ে সভায় গত সভার সিদ্ধান্ত মোতাবেক রেলভবনের ইলেকট্রিক লাইন, বোর্ড, সুইচ এবং সকেটগুলো সঠিক রয়েছে কিনা; সে সংক্রান্ত প্রস্তুতকৃত ছকে প্রতিবেদন দাখিল করেন। তিনি জানান, রেলভবনের এক্সেস কন্ট্রোল মেশিন স্থাপনপূর্বক এক্সেস কন্ট্রোল কার্ড প্রদানের নিমিত্ত রেলভবনে অবস্থিত সকল কর্মকর্তা-কর্মচারীদের তথ্য সংগ্রহ করা হয়েছে। শীঘ্রই এক্সেস কন্ট্রোল কার্ড বিতরণ করা হবে।

০৫. বিভাগীয় চিকিৎসা কর্মকর্তা (ঢাকা) ও সদস্য, বাংলাদেশ রেলওয়ে সভায় বলেন, রেলভবনে নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান, ফ্লোর ক্লিনার মেশিন ক্রয়ের পর্যাপ্ত বাজেট বরাদ্দ নেই।

০৬. কমান্ড্যান্ট (ঢাকা), রেলওয়ে নিরাপত্তা বাহিনী সভায় বলেন, রেলভবনের নিরাপত্তা দেয়ার জন্য রেলওয়ে নিরাপত্তা বাহিনী সার্বক্ষনিক দায়িত্ব পালন করে আসছে। তিনি আরো জানান, রেলভবনের চতুর্পার্শ্বে নজরদারি রাখার সুবিধার্থে ৪(চার) কোনায় ৪(চার)টি ফ্ল্যাড লাইট ছিল। উক্ত লাইটগুলো পুনরায় স্থাপন করা হলে নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করা সম্ভব হবে।

০৭. বিভাগীয় প্রকৌশলী-৩ (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে সভায় বলেন, রেলওয়ের কর্মচারীগণ রেলওয়ে স্টাফ বাসে যাতায়াত করে থাকেন। স্টাফ বাস যানজটের কারণে রেলভবনে পৌঁছাতে দেরি হলে; তাদেরও আসতে দেরি হয়। অন্যথায় কর্মচারীগণ নিয়মিত অফিসে আসেন। তিনি আরো জানান, রেলভবনে ফায়ার এলার্ম মেশিন স্থাপন করা যেতে পারে। রেলভবনের ছাদে সেফটি ওয়াল নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে।

০৮. সভাপতি কর্তৃক রেলভবনের পরিস্কার কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নসহ কমন ওয়াশরুমগুলোর ভিতর ও বাইরের দেয়ালের ময়লা পরিস্কার রাখার বিষয়ে পরামর্শ দেয়া হয়। নবম তলায় স্থাপিত ইন্টারনেট, টেলিফোন ও ইন্টারকমের বক্স খোলা ও এলোমেলো অবস্থায় থাকায় দূর্ঘটনা ঘটতে পারে। সম্প্রতি ৯ম তলার সভাকক্ষের (৯৩০) ১(এক)টি এসি-তে আগুন ধরে যায় মর্মে সভায় অবহিত করা হয়। বৈদ্যুতিক দুর্ঘটনা ও করণীয় সংক্রান্ত নির্দেশিকা স্টিকার প্রস্তুত করে প্রতি ফ্লোরে টাঙিয়ে রাখার জন্য নির্দেশনা দেয়া হয়। এছাড়াও, কমিটি'র কার্যপরিধির আলোকে কমিটি'র সদস্যগণকে বাংলাদেশ রেলওয়ের অফিস কক্ষসমূহ আকস্মিক পরিদর্শন করার জন্য অনুরোধ জানানো হয়।

০৯. সভাশেষে কমিটি'র সদস্যগণ কর্তৃক রেলভবনের ৭ম তলায় অবস্থিত বাংলাদেশ রেলওয়ের অফিস কক্ষসমূহ আকস্মিক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ৭ম তলার ৮১৭ নম্বর অফিস কক্ষে কর্মকর্তার অনুপস্থিতিতে এয়ার কন্ডিশনার ও বাতিসমূহ চালু ছিল। এ বিষয়ে জানতে চাইলে উপস্থিত অফিস সহায়ক বলেন, কর্মকর্তা মহাপরিচালক মহোদয়ের সাথে সাক্ষাৎ করতে গিয়েছেন। কর্মকর্তার অনুপস্থিতিতে বাতি ও এসি বন্ধ না করায় বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী ও দায়িত্বশীল আচরণের ব্যতয় পরিলক্ষিত হয়। এতে, মন্ত্রিপরিষদ বিভাগের ৩১.০৩.২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৬.১৭৯ সংখ্যক আধা-সরকারি পত্রে অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ রাখার নির্দেশনা প্রতিপালন হয়নি।

১০. বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্মোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|
| ১০.১ | নিরাপত্তা সংক্রান্ত | (১) রেলভবনে অগ্নি নির্বাপন, জরুরি উদ্ধার, বহির্গমন ও প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ ও ফায়ার ড্রিল আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়নে:** মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |
| | | (২) রেলভবনের প্রতি তলায় অবস্থিত অগ্নি নির্বাপন (Fire Extinguisher) যন্ত্রের মেয়াদ উত্তীর্ণ হয়েছে কিনা, তা পরীক্ষাপূর্বক প্রতিস্থাপন করতে হবে।<br>**বাস্তবায়নে:** অতিরিক্ত মহাপরিচালক (আই), বাংলাদেশ রেলওয়ে |
| | | (৩) নিরাপত্তার স্বার্থে রেলভবনে ফায়ার এলার্ম মেশিন স্থাপনের বিষয়ে প্রতিবেদন দাখিল করতে হবে।<br>**বাস্তবায়নে:** অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে |
| | | (৪) নিরাপত্তার স্বার্থে রেলভবনের ছাদে সেফটি ওয়াল নির্মাণ দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br>**বাস্তবায়নে:** অতিরিক্ত মহাপরিচালক (আই), বাংলাদেশ রেলওয়ে |
| | | (৫) রেলভবনের সীমানা প্রাচীর মেরামত/সংস্কারপূর্বক কন্সার্টিনা ফেন্সিং করতে হবে।<br>**বাস্তবায়নে:** অতিরিক্ত মহাপরিচালক (আই), বাংলাদেশ রেলওয়ে |
| | | (৬) রেলভবনের নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে পরীক্ষাপূর্বক ২(দুই)টি ওয়াচ টাওয়ার নির্মাণের বিষয়ে প্রতিবেদন দাখিল করতে হবে।<br>**বাস্তবায়নে:** অতিরিক্ত মহাপরিচালক (আই), বাংলাদেশ রেলওয়ে |
| | | (৭) নিরাপত্তার স্বার্থে রেলভবনের দুই পার্শ্বের সিড়ি উন্মুক্ত রাখাসহ পর্যাপ্ত লাইটের ব্যবস্থা করে রেলপথ মন্ত্রণালয়ের প্রশাসন-৪ শাখায় প্রতিবেদন দাখিল করতে হবে।<br>**বাস্তবায়নে:** অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে |
| | | (৮) রেলভবনের এক্সেস কন্ট্রোল কার্ড বিতরণসহ এক্সেস কন্ট্রোল মেশিন দ্রুত চালু করতে হবে।<br>**বাস্তবায়নে:** অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে |
| | | (৯) রেলভবনের চতুর্পার্শ্বে নজরদারি রাখার সুবিধার্থে ৪(চার) কোনায় ৪(চার)টি ফ্ল্যাড লাইট স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়নে:** অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে |

| ক্রম | বিষয় | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|
| | | (১০) নিরাপত্তার স্বার্থে রেলভবনে প্রয়োজনীয় সংখ্যক সিসি ক্যামেরা স্থাপনকরত: সকল সিসি ক্যামেরাগুলো একটি মনিটরের আওতায় আনার জন্য High Capacity Machine ক্রয়ের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়নে:** সিএসটিই (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে |
| | | (১১) রেলভবনের বিভিন্ন তলায় স্থাপিত ইন্টারনেট, টেলিফোন ও ইন্টারকমের তারগুলো গুছিয়ে একটি বক্সে ঢেকে রাখতে হবে।<br>**বাস্তবায়নে:** সিএসটিই (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে |
| ১০.২ | পরিস্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত | (১) রেলভবনের সকল অফিস কক্ষ ও ফ্লোর সকাল ০৮:৩০ সময়ের মধ্যে পরিস্কার কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>**বাস্তবায়নে:** ডিএমও (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে |
| | | (২) কমন ওয়াশরুমগুলো প্রতিদিন ২(দুই) ঘন্টা পরপর পরিস্কার করতে হবে, স্যানিটারি ইন্সপেক্টর বিষয়টি নিয়মিত তদারকি করবেন। এ বিষয়ে তিনি সপ্তাহের প্রতি রবিবার রেলপথ মন্ত্রণালয়ের প্রশাসন-৪ শাখায় রিপোর্ট করবেন।<br>**বাস্তবায়নে:** ডিএমও (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে |
| | | (৩) রেলভবনের একতলার ফ্লোরের মোজাইক ও প্রবেশদ্বারের (Entrance) সিড়ির মার্বেল পরিস্কার করতে হবে।<br>**বাস্তবায়নে:** ডিএমও (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে |
| | | (৪) রেলভবনের পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম দ্রুত সম্পন্ন করার সুবিধার্থে পরীক্ষান্তে ফ্লোর ক্লিনার মেশিন ক্রয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়নে:** ডিএমও (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে |
| ১০.৩ | সঠিক সময়ে নিয়মিত উপস্থিতি সংক্রান্ত | (১) বাংলাদেশ রেলওয়ে এবং এর আওতাভুক্ত সকল দপ্তরের কর্মচারীদের সঠিক সময়ে (সকাল ৯:০০ টায় অফিসে উপস্থিতি এবং সকাল ৯:০০-৯:৪০ পর্যন্ত নিজ দপ্তরে উপস্থিত থাকা) নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>**বাস্তবায়নে:** মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |
| ১০.৪ | বিদ্যুতের সঠিক ব্যবহার সংক্রান্ত | (১) বৈদ্যুতিক দুর্ঘটনা ও করণীয় সংক্রান্ত নির্দেশিকা স্টিকার প্রস্তুত করে প্রতি ফ্লোরে টাঙিয়ে রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়নে:** ডিইই (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে |
| | | (২) রেলভবনের সকল অফিস কক্ষে ব্যবহৃত এসিগুলো নিয়মিত সার্ভিসিং করতে হবে।<br>**বাস্তবায়নে:** ডিইই (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে |
| | | (৩) রেলভবনের ইলেকট্রিক লাইন, বোর্ড, সুইচ এবং সকেটগুলো পরীক্ষাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে রেলপথ মন্ত্রণালয়ের প্রশাসন-৪ শাখায় দ্রুত প্রতিবেদন দাখিল করতে হবে।<br>**বাস্তবায়নে:** ডিইই (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে |
| | | (৪) রেলভবনের নিচতলায় লিফটের সামনে অপেক্ষোমানদের জন্য ২(দুই)টি ফ্যান স্থাপনের করতে হবে।<br>**বাস্তবায়নে:** ডিইই (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে |
| ১০.৫ | বিবিধ | (১) বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী ও দায়িত্বশীলতা নিশ্চিতকরণ ব্যয়ের ক্ষেত্রে পত্র প্রেরণ করতে হবে।<br>**বাস্তবায়নে:** উপসচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয় |
| | | (২) বাংলাদেশ রেলওয়ে এবং এর আওতাভুক্ত সকল দপ্তরে কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে উপস্থিতি, সার্বিক নিরাপত্তা ও পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার এবং বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী ও দায়িত্বশীল আচরণ নিশ্চিতকরণে সরকারের নির্দেশনাসমূহ প্রতিপালনে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়েকে অনুরোধ জানিয়ে পত্র দিতে হবে।<br>**বাস্তবায়নে:** উপসচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয় |
| | | (৩) ২(দুই) মাস পর কমিটি'র পরবর্তী সভা আহবান করতে হবে।<br>**বাস্তবায়নে:** সদস্য-সচিব, গঠিত কমিটি |

১১. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

খালেদা আখতার এনডিসি
যুগ্মসচিব (প্রশাসন-১)
রেলপথ মন্ত্রণালয়
ও
আহবায়ক
নিরাপত্তা, পরিস্কার-পরিচ্ছন্নতা, সময়মত নিয়মিত উপস্থিতি ও
বিদ্যুতের সঠিক ব্যবহার নিশ্চিতকরণ কমিটি